দৈনিক ইত্তেফাক

তারিখ ... 29 JUL 2009 ...
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ৪ ...

# জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনেই থাকছে ১৮০০ কলেজ

॥ ইত্তেফাক রিপোর্ট ॥

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনেই থাকছে দেশের ১ হাজার ৮শ কলেজ। তবে ৬টি বিভাগে ৬টি কেন্দ্রের মাধ্যমে কলেজগুলো পরিচালিত হবে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের দায়িত্ব বিকেন্দ্রীকরণে সরকারের নিকট সুপারিশ করার জন্য গঠিত ১১ সদস্যের একটি উচ্চ ক্ষমতাসম্পন্ন কমিটির বৈঠকে গতকাল মঙ্গলবার এ সিদ্ধান্ত নেয়া হয়। তবে সরকারের কাছে সুপারিশ প্রদানের জন্য আরো এক মাস সময় চেয়েছে কমিটি। গতকাল বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনে (ইউজিসি) এ বৈঠক অনুষ্ঠিত হয়।

জাতীয় বিশ্ববিদ্যালয়কে উচ্চতর শিক্ষা ও গবেষণা প্রতিষ্ঠান হিসাবে গড়ে তোলার লক্ষ্যে এর অধীন থেকে কলেজগুলোকে পৃথক করার বিষয়ে সরকারের নিকট

(২য় পৃঃ ১-এর কঃ দ্রঃ)

## জাতীয় বিশ্ববিদ্যালয়ের

(প্রথম পৃঃ পর)

সুপারিশ করার লক্ষ্যে কাজ শুরু করলেও নানা আপত্তি আসতে থাকে। ছয় বিভাগের ছয় পাবলিক বিশ্ববিদ্যালয়ের অধীনে ১ হাজার ৮শ কলেজ দেয়ার সিদ্ধান্তও নেয়া হয়েছিল। তবে ছয় বিশ্ববিদ্যালয়ের অধীনে কলেজগুলো দেয়া হলে উক্ত বিশ্ববিদ্যালয়গুলোতে নানা অনিয়ম হতে পারে। এছাড়া আইনি জটিলতা সৃষ্টি হবে। এজন্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের আইনে প্রয়োজনীয় সংশোধন করতে হবে। এভাবে নানামুখী সমস্যার কথা তুলে বিরোধিতা আসতে থাকে।

বৈঠক সূত্র জানায়, কমিটি এ ধরনের সিদ্ধান্ত নিলেও সরকারের কাছে সুপারিশ প্রণয়নের পূর্বে জাতীয় শিক্ষানীতি প্রণয়ন কমিটির সাথে মতবিনিময় করবে। সূত্র আরো জানায়, ৬টি কেন্দ্র থেকে কলেজগুলোকে পরিচালনা করা হবে। এজন্য প্রয়োজনীয় অবকাঠামো ও জনবল প্রয়োজন হবে।

১৯৯২ সালে জাতীয় সংসদে পাস হওয়া এক আইনের বলে তৎকালীন বিএনপি সরকারের আমলে যাত্রা জাতীয় বিশ্ববিদ্যালয়ের। দেশে কলেজ পর্যায়ে অনার্স, ডিগ্রি এবং মাস্টার্স প্রোগ্রাম সুষ্ঠুরূপে পরিচালনা এবং উপযুক্ত ও দক্ষ মানবসম্পদ তৈরি, সারাদেশের কলেজগুলোর শিক্ষার মানোন্নয়ন এবং সার্বিক কার্যক্রমে গতিশীলতা আনয়নের জন্য বিশ্ববিদ্যালয়টির যাত্রা। কিন্তু জাতীয় বিশ্ববিদ্যালয়টি বহুদিন ধরে নিজস্ব আইনের বাইরে গিয়ে পরিচালিত হয়ে নিয়ম-বিধি লংঘনকারী একটি বোর্ডে পরিণত হয়েছে। বিশ্ববিদ্যালয়টিতে এ পর্যন্ত ছয়জন উপাচার্য নিয়োগ পেলেও মাত্র একজন তার মেয়াদ পূর্ণ করতে পেরেছেন। কলেজগুলোর সব সমস্যার মূলেই ছিল জাতীয় বিশ্ববিদ্যালয়। জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে বর্তমানে ১৯৯ অনার্স কলেজসহ যে ১৮ শতাধিক কলেজ রয়েছে, প্রতিষ্ঠার আগে সেসব ঢাকা বিশ্ববিদ্যালয়সহ বিভিন্ন বড় পাবলিক বিশ্ববিদ্যালয়ের অধীনে ছিল। আর পাবলিক বিশ্ববিদ্যালয়ের অধীনে থাকায় তারা কলেজগুলোর শিক্ষা কার্যক্রম এবং পরীক্ষা গ্রহণ ও ফল প্রকাশে হিমশিম খাচ্ছিল। এ অবস্থায়ই সরকার গঠন করে জাতীয় বিশ্ববিদ্যালয়।

গতকাল অনুষ্ঠিত বৈঠকে সভাপতিত্ব করেন ইউজিসির চেয়ারম্যান অধ্যাপক নজরুল ইসলাম। ঢাকা ও চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় বাদে অন্য বিশ্ববিদ্যালয়ের ভিসিরা উপস্থিত ছিলেন। তবে ঢাকা ও চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ভিসিরা এ সিদ্ধান্তে একমত পোষণ করেছেন।